1999

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

এসআরও নং ১৮৮-আইন/আয়কর/২০০৯, তাং ০১-০৭-২০০৯ দ্বারা এসআরওটি বিলুপ্ত।

প্রজ্ঞাপন

তারিখ, ১২ই জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং/২৬শে মে, ১৯৯৯ ইং।

এস,আর,ও নং ১১৪-আইন/৯৯।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৩রা ফেব্রুয়ারী, ১৯৯৭ ইং মোতাবেক ২১শে মাঘ, ১৪০৩ বাং তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং এস,আর,ও ৩৫-আইন/৯৭ এবং এস,আর,ও নং ৩৬-আইন/৯৭ রহিত করিয়া, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে দেশের সকল Private Power Generation–

(১) কোম্পানী আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে পরবর্তী ১৫ (পনের) বৎসরের জন্য;
(২) কোম্পানীতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাঁহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;
(৩) কোম্পানী কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;
(৪) কোম্পানী কর্তৃক প্রদেয় Royalties, Technical Know-how and Technical Assistance Fees এর উপর; এবং
(৫) কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর।

উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
কাজী আলী আসগার
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

সংশোধনী এস,আর,ও-টি ২৪৪ *নং পৃষ্ঠায় দেখুন।*

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
Scanned with CamScanner
S.R.O. No. 114/1999 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com
1 / 1